দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট খেলা উদ্বোধন

দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) উদ্বোধন করা হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী’র সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি মোঃ এখলাস উদ্দিন সুজন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ মোখলেছুর রহমান ও আবু বক্কর সিদ্দিক, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সোহরাব হোসেন, নতিপোতা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ইয়ামিন আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ।

উদ্বোধনী দিনে সাবেক চ্যাম্পিয়ন জুড়ানপুর ইউনিয়ন একাদশ বনাম নতিপোতা ইউনিয়ন একাদশ। খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় রেফারি দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন ও মোস্তাফিজুর রহমান।

নির্ধারিত সময়ে কোন গোল না হওয়ায় ট্রাইবেকারে জুড়ানপুর ইউনিয়ন একাদশ ২-১ গোলে নতিপোতা ইউনিয়ন একাদশকে পরাজিত করে।

পবিত্র কোরআন অবমাননা করায় দামুড়হুদায় ধর্মপ্রাণ মুসলমানদের বিক্ষোভ

সুইডেনে মহাপবিত্র ধর্মগ্রন্থ আল কোরআন অবমাননা করার প্রতিবাদে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের স্কুল বৈটতলা নামক স্থানে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে ধর্মপ্রাণ মুসলমানেরা।

আজ শুক্রবার বাদ জুম্মা উপজেলার হাউলী ইউনিয়নের স্কুল বৈটতলা থেকে বিক্ষোভ মিছিল বের হয়। বিক্ষোভ মিছিলটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পরে একই স্থানে ফিরে এসে প্রতিবাদ সমাবেশ করে ধর্মপ্রাণ হাজারো মুসলিম।

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের সর্বস্তরের মুসলিম তৌহিদী জনতার আয়োজনে “এক হও মুসলিম বিশ্ব এক হও” স্লোগানে উপজেলার হাউলী ইউনিয়নের স্কুল বৈটতলা থেকে এক প্রতিবাদ মিছিল বার করে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন হাজারো ধর্মপ্রাণ মুসলিম জনতা। বিক্ষোভ মিছিলটি শেষে একই স্থানে এসে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা বলেন, বিশ্বের শতকোটি মানুষের (ইসলাম ধর্মের) পবিত্রগ্রন্থ আল কোরআন কে অবমাননা করা সুইডেনের ইহুদিদের মানসিক রোগ। সুইডেন সহ বিভিন্ন ইহুদি সম্প্রদায়ের কারণেই আজকে বিশ্বের কোটি কোটি মানুষের বিশ্বাসকে আঘাত করার প্রবনতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে পুরো বিশ্বব্যাপী অশান্তি ছড়াচ্ছে ও ধর্মীয় সম্প্রতি নষ্ট করার চেষ্টা চালাচ্ছে নিকৃষ্ট গোষ্ঠীরা। আর আজকে তারই ধারাবাহিকতায় সুইডেনে প্রকাশ্যে পবিত্র আল কোরআন পোড়ানোর ঘটনায় তীব্র প্রতিবাদ ও নিন্দা জানায়। সেই সাথে সকল মুসলিম কে সুইডেনের পণ্য বর্জনের আহ্বান করেন বক্তারা।

দামুড়হুদার তারিনিপুরের হারুন ১কেজি গাঁজা সহ গ্রেফতার

দামুড়হুদার তারিনিপুরের হারুণ আলী(২৯) কে ১কেজি গাঁজা সহ গ্রেফতার করেছে পুলিশ। আজ বুধবার রাত আনুমানিক ৮টার দিকে তারিনিপুর ঈদগাপাড়া থেকে তাকে গ্রেফতার করে পুলিশ। এসময় তার কাছ থেকে ১কেজি গাঁজা উদ্ধার করে পুলিশ।

থানা সূত্রে জানাগেছে, দামুড়হুদা মডেল থানার এসআই (নিঃ) মনজুরুল ইসলাম, এএসআই (নি:) বিপ্লব দাস সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানাধীন তারিনীপুর ঈদগাঁ পাড়া সাকিনাস্ত আসামীর বসতভিটায় অভিযান চালায়। এসময় তারিনীপুর গ্রামের বরকত আলীর ছেলে হারুন আলী কে ১কেজি গাঁজা সহ গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন বলেও জানাগেছে।

দামুড়হুদায় বিএনপি’র নেতা কর্মীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় করলেন বাবু খাঁন

দামুড়হুদা উপজেলার ৬টি ইউনিয়নের বিএনপি’র নেতা কর্মীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় করলেন বিএনপি’র কেন্দ্রীয় কমিটির কোষাধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক মাহমুদ হাসান খাঁন বাবু।

আজ সোমবার দিনভর তিনি বিভিন্ন ইউনিয়ন ঘুরে দলীয় নেতা কর্মীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন।

এসময় বাবু খাঁন বলেন, দেশের মানুষ ভালোভাবে পবিত্র ঈদুল আজহা উদযাপন করতে পারেনি। দ্রব্য মুল্যের উর্ধগতির বাজারে যেভাবে নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের দাম বেরেছে তাতে সাধারণ মানুষ দিশেহারা। ১ কেজি গরুর মাংসের দাম ৮০০ টাকা কিন্তু ১ কেজি কাঁচা মরিচের দাম ১০০০ থেকে ১২০০ টাকা। দেশের সাধারণ মানুষ আর এই ভোট চোর সরকারকে চাইনা। জনগণ এই সরকারের থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। তাই এখনো সময় আছে আপনারা সংশধন হন, নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধিনে ছাড়া এই বাংলায় আর ভোট চুরি করে ক্ষমতায় আসা যাবেনা। তানাহলে এদেশের জনগণকে সঙ্গে নিয়ে ভোট চোরদের প্রতিহত করা হবে।

দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষক দলের আহবায়ক মোকাররম হোসেন, দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম তনু, জেলা বিএনপির সদস্য সালমা জাহান পারুল, দামুড়হুদা থানা বিএনপি’র সিঃ সহসভাপতি আ: ওয়াহেদ, যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম। দামুড়হুদা থানা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক ইকরামুল হক।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ঈদ্রীস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাধারণ সম্পাদক সাঈদ বিশ্বাস, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম।

দামুড়হুদা থানা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, সোহেল রানা, দামুড়হুদা থানা ছাত্র দলের সভাপতি আফজালুল হক সবুজ, সাধারণ সম্পাদক সুলতান আহাম্মেদসহ থানা ও ইউনিয়ন বিএনপির অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় আদর্শ কৃষক সমবায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হয়। আজ বিকাল ৫টার দিকে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ মিলনায়তনে একাধিক বার স্বর্ণপদক প্রাপ্ত কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছির কৃতি সন্তান, উক্ত সমিতির প্রধান উপদেষ্টা কেন্দ্রীয় আওয়ামীলীগ নেতা, দৈনিক আমার সংবাদ ও ডেইলি পোস্ট পত্রিকার সম্পাদক হাশেম রেজা।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আমার শরীরে একবিন্দু রক্ত থাকতে এই ঐতিহ্যবাহী কৃষক সমিতির কোন ক্ষতি হতে দিবো না। ঋণে জর্জরিত সমিতির সকল সদস্যদের দেনা পাওনা আমি ব্যক্তিগত তহবিল থেকে পরিশোধ করে, হাজার হাজার কৃষকের মুখে হাসি ফুটাবো, আমি এই মাটির সন্তান, আমি এলাকার প্রতিটি মানুষের সুখে-দুঃখে পাশে আছি থাকবো আজীবন। আমি চাই প্রায় অর্ধশত বছরের পুরনো এই কৃষক সমিতি আবারো রাষ্ট্রিয় স্বর্ণপদক প্রাপ্ত সমিতির মর্যাদা অক্ষুণ্ণ রাখুক।

অল্প খরচে সেচ ব্যবস্থার মাধ্যমে চাষীরা জমিতে ফসল ফলিয়ে সোনালী ফসল ঘরে তুলুক, আমি কৃষকদের মুখে হাসি ফুটাতে চাই, এটাই আমার জীবনের বড় প্রাপ্তি ও তৃপ্তি হয়ে থাকবে।

উক্ত সাধারণ সভায় আরো উপস্থিত ছিলেন, সমিতির সাধারণ সম্পাদক আব্দুল হাকিম, আবু হানিফ, উপদেষ্টা মন্ডলীর সদস্য মিন্টু তরফদার, নাসির উদ্দীন সহ স্থানীয় সুধী জন, সমিতির নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্য, সাধারণ সদস্য, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিক প্রমুখ।

উল্লেখ্য প্রায় অর্ধশত বছরের পুরনো কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতিটি কয়েক বছর ধরে একটি দুষ্ট চক্রের কবলে পরে প্রায় অর্ধ কোটি টাকা লোকসানের কবলে পরে সমিতিটিতে নানান অনিয়ম ও দূর্নীতির কবলে পরলে বর্তমান কমিটি হাশেম রেজাকে প্রধান উপদেষ্টা করার পর পরই নিজের ব্যক্তিগত তহবিল থেকে অর্থ সহযোগিতা করেন, এবং সমিতি সফলতার দিকে এগুতে থাকে। কিন্তু একটি দুষ্ট চক্র সকল

সময় বিভিন্ন ভাবে চক্রান্ত চায়িয়ে যাচ্ছে জানান সমিতির সভাপতি সহ একাধিক সদস্য। অপরদিকে সমিতির সাধারণ সভা পন্ড করতে কয়েকবার উক্ত দুষ্ট চক্রটি হামলা চালাতে গেলেও হাশেম রেজার দৃঢ় মনোবল ও জনসমর্থনের রোষানলে পরে সভাস্থল ত্যাগ করেন।

সভা শেষে কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সকল সদস্যের মাঝে নগদ ১০০০/ (এক হাজার) টাকা করে দেন উক্ত সমিতির প্রধান উপদেষ্টা হাশেম রেজা।

দামুড়হুদার সুবুলপুর গ্রামবাসীর উদ্যোগে ঐতিহ্যবাহী নৌকা বাইচ প্রতিযোগিতা

দামুড়হুদার সুবুলপুর গ্রামবাসীর উদ্যোগে ঐতিহ্যবাহী নৌকা বাইচ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার বিকালে ভৈরব নদীর পাড়ে গ্রামবাসীর আয়োজনে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বৈঠার তালে তালে বর্ণিল সাজে সজ্জিত নৌকা বাইচ দেখতে নদীর তীরে ভীড় জমায় হাজার হাজার নারী পুরুষ।

হাজার হাজার দর্শকের উপচে পড়া ভীড়ে অনুষ্ঠিত প্রতিযোগীতায় ১০টা নৌকা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় ১ম স্থান অধিকার করে দৌলত হোসেনের দলের নৌকা, দ্বিতীয় ডালিম হোসেন দলের নৌকা এবং তৃতীয় আব্দুল খালেকের দলের নৌকা। বাঘাডাঙ্গা-কাঞ্চনতলার মোড় থেকে প্রায় এক কিলোমিটার এলাকা জুড়ে কয়েক রাউন্ডে চলে এ বাইচ। এই নৌকা বাইচ প্রতিযোগিতা দেখতে হাজার হাজার দর্শনার্থী ভৈরব নদীর পাড়ে এসে হাজির হন।

নৌকা বাইচ প্রতিযোগিতা পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আওয়ামী লীগ নেতা আমিনুল ইসলাম ফুরুই এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল

ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, সদাবরি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ইঞ্জিনিয়ার তছিম উদ্দিন,কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই ইমরান হোসেন, এএসআই মসলেম উদ্দিনসহ সাংবাদিকবৃন্দ ও সুশীল সমাজের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম বলেন এমন উচ্ছাসপূর্ণ আয়োজনে অংশ নিয়ে খুশি এলাকাবাসী। কোন কিছু প্রাপ্তির আশায় নয়, দর্শকদের আনন্দ দিতেই বাইচে অংশ নিয়েছেন তারা। বাঙ্গালীর শত বছরের ঐতিহ্যের ধারক ও বাহক নৌকা বাইচ আয়োজনে প্রয়াস অব্যাহত রাখার প্রত্যয় জানান তিনি।

দামুড়হুদায় বীরমুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক পুরষ্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান

দামুড়হুদা প্রেসক্লাব-সাংবাদিক সমিতি’র দ্বিবার্ষিক নির্বাচনের নবনির্বাচিত কমিটির অভিষেক, বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ চত্ত্বরে আনুষ্ঠানিক ভাবে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। দামুড়হুদা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মহান স্বাধীনতা যুদ্ধের যুদ্ধকালীন কমান্ডার বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান, দামুড়হুদা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির নবনির্বাচিত কমিটির অভিষেক, সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আর্থ মুভিং গ্রুপের চেয়ারম্যান দামুড়হুদা উপজেলার কৃতি সন্তান ইঞ্জিনিয়ার মো মজিবুল হক। অনুষ্ঠানের প্রধান অলোচক ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক মাথাভাঙ্গার

সম্পাদক-প্রকাশক সরদার আল আমিন।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের সভাপতি শফিউল কবীর ইউসুফ, নতিপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আজিজুল হক আজিজ, দামুড়হুদা উপজেলা শ্রমীকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু।

অনুষ্ঠানে অতিথি ছিলেন নতিপোতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো মোমিনুল হক, গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক আব্দুল মান্নান, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মোঃ মাকসুদুর রহমান রতন, কার্পাসডাঙ্গা বাজার বণিক সমিতির সভাপতি মো আলমগীর রাসেল ও সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি। অনুষ্ঠানের শুরুতেই অনুষ্ঠানের মধ্যমনি ইন্জিনিয়ার মো মজিবুল হক কে দামুড়হুদা প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচছা দিয়ে বরণ করে নেয়া হয়।

এরপর পবিত্র কোরআন তেলোয়াত করেন দামুড়হুদা প্রেসক্লাবের সদস্য মোমিনুল হক মনির, স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো হাবিবুর রহমান হবি। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা প্রেসক্লাবের নির্বাহী সদস্য মো জাহিদুর রহমান মুকুল।

অনুষ্ঠানে দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সকল কে রজনীগন্ধা ফুল দিয়ে বরণ শেষে একটি করে ক্যামেরা ব্যাগ ও একটি করে গেণ্জি তুলে দেন নেন অতিথিবৃন্দ।

দামুড়হুদায় নবীন আলেমদের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি ইউনিয়ন উলামা পরিষদের উদ্যোগে আদর্শ সমাজ বিনির্মানে নবীন আলেমদের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১০ টার সময় প্রতাপপুর আল মুখতার হাফেজিয়া মাদ্রাসা প্রাঙ্গনে উক্ত অনুষ্ঠান ক্বারী মোঃ জুবাইদুর রহমান (জুবায়েরের) সঞ্চালনা ও কুড়ালগাছি ইউনিয়ন উলামা পরিষদের সহ-সভাপতি মাও: আলী আহমেদ সাহেবের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদের সভাপতি মুফতি জুনাইদ আল হাবীবী। উদ্বোধনী বক্তব্য পেশ করেন সহ-দপ্তর সম্পাদক মাওঃ মোঃ হেলাল উদ্দিন, বিশেষ মেহমান হিসেবে উপস্থিত ছিলেন- কুষ্টিয়া জেলা উলামা পরিষদের সাধারণ সম্পাদক মাও: রফিকুল ইসলাম নদভী, খুলনা বিভাগীয় কওমী মাদরাসা পরিষদের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মুফতি আব্দুর রাজ্জাক সাহেব।

প্রধান অতিথির বক্তব্যে মুফতি জুনাইদ আল-হাবীবী বলেন চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদ নিছক গতানুগতিক কোনো সংগঠনের নাম নয় এটা চুয়াডাঙ্গাবাসীর প্রাণের সংগঠন, চুয়াডাঙ্গার মানুষের দ্বীনি রাহবারি করার জন্য আপনারা এক ও ঐক্যের সাথে কাজ করবেন, প্রত্যেকেই নিজ নিজ দায়িত্ব পালনে সচেষ্ট থাকবেন। উলামায়ে কেরামের মধ্যে যেন কেউ ফাটল তৈরি করতে না পারে, সেজন্য সজাগ থাকতে হবে এবং ঐক্যের সাথে চলতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে মুফতি আব্দুর রাজ্জাক বলেন চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদ প্রতিষ্ঠাগ্ন থেকেই মানুষকে দ্বীনমুখী মসজিদমুখী করার চেষ্টা করছে, চুয়াডাঙ্গা জেলায় কোনো বাতিল ফেরকার ঠাঁই হবে না বলেও হুশিয়ারী করেন তিনি, তিনি বলেন ইদানীং আমরা লক্ষ্য করছি হেযবুত তাওহীদ সহ বিভিন্ন বাতিল সংগঠন মাথাচাড়া

দিয়ে উঠছে এব্যাপারে আপনাদেরকে সজাগ থাকতে হবে, যেন চুয়াডাঙ্গা জেলার সাধারণ মানুষের ঈমান নিয়ে কেউ ছিনিমিনি খেলতে না পারে। আপনারা চুয়াডাঙ্গাবাসীর ঈমান আমল রক্ষার অতন্দ্র প্রহরী। উলামায়ে কেরামকে দশটি বিশেষ গুন অর্জনের কথা বলে তিনি বলেন, আজকের এই নবীন আলেমরা আগামী দিনের চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদের দায়িত্বশীল, সুতরাং আপনাদের প্রতিটি কথা, কাজ চলা-ফেরা সব কিছু উলামায়ে কেরামের শান ওয়ালা হতে হবে।

এছাড়াও গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন: জীবননগর থানা শাখা উলামা পরিষদের সভাপতি মাও: মাহবুবর রহমান গওহরী, সাধারণ সম্পাদক মুফতি শাহ জামাল, দামুড়হুদা থানা উলামা পরিষদের সাধারণ সম্পাদক মুফতি আলী আকবর, দর্শনা থানা উলামা পরিষদের সভাপতি মাও: আব্দুল খালেক, সাধারণ সম্পাদক মুফতি জুনাইদ আল-আজাদ। কৃতজ্ঞতা বক্তব্য রাখেন কুড়ালগাছি ইউনিয়ন উলামা পরিষদের সভাপতি মুফতি আখতারুজ্জামান ফারুকী। পরে নবীন আলেমদের সংবর্ধনা প্রদান করা হয়।
সবশেষে মাওলানা রফিকুল ইসলাম নদভী সাহেবের দু’আর মাধ্যমে অনুষ্ঠান শেষ হয়।

দামুড়হুদা কাদিরপুরে কিতাব আলী হত্যার এজেহারভুক্ত আসামি তমছের আটক

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের কিতাব আলি হত্যার এজেহারভুক্ত একজন আসামিকে আটক করেছে দামুড়হুদা মডেল থানার পুলিশ। আসামি তমছের আলি (৪৫) কাদিপুর গ্রামের ইয়াসিন আলির ছেলে।

গতকাল রবিবার রাত ৮ টার দিকে কাদিপুর তার নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়।

উল্লেখ্য গত ১৯-০৪-২৩ তারিখে রাত সাড়ে ৮টার দিকে কিতাব আলি নিখোজ হলে পরদিন সকাল সাড়ে ৬টার দিকে কাদিপুর গোরস্থান পাড়ায় খালি জমির উপর মৃতদেহ দেখতে পায় এলাকাবাসী। সংবাদ পেয়ে

চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, দামুড়হুদা সার্কেলের এএসপি জাকিয়া সুলতানা ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম ঘটনাস্থলে উপস্থিত থেকে মৃত কিতাব আলির লাশ উদ্ধার করেন।

পরে কিতাব আলির স্ত্রী রাবেয়া খাতুন বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় জাহাঙ্গীর, হাফিজুর,সাইফুল ইসলাম, তমছের,দিপু ও শহিদুলের নাম উল্লেখ করে হত্যা মামলা দায়ের করেন।

পরে মামলার তদন্ত কর্মকতা এস আই তৈহিদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে জাহাঙ্গীর, হাফিজুর, সাইফুল ইসলাম, তমশের, দিপুকে আটক করেন।

দামুড়হুদায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন অবহিতকরণ বিষয়ক আলোচনা সভা

দামুড়হুদায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বেলা ৪ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলীসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা ও স্থানীয় জনপ্রতিনিধি বৃন্দ উপস্থিত ছিলেন।